

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী


বিষয়: অথরিটির ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে ২০১৯-২০ অর্থবছরের ১ম (প্রথম) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জাকের হোসেন, পরিচালক ও ইনোভেশন অফিসার, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
সভার তারিখ : ৪ঠা আগস্ট, ২০১৯ খ্রিষ্টাব্দ
সভার স্থান : অথরিটির ইনোভেশন অফিসারের কক্ষ
সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- “ক”

সভার শুরুতে ইনোভেশন অফিসার উপস্থিত অথরিটির ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানান। সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি এবং নতুন ইনোভেশন প্রস্তাব বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|------|--|--|--|----------------|
| ১. | ইনোভেশন টিমের মাসিক অগ্রগতি প্রতিবেদন | ইনোভেশন বিষয়ক কার্যাবলীর মাসিক অগ্রগতি প্রতিবেদন যথাযথভাবে প্রস্তুত করার বিষয়ে আলোচনা করা হয়। | নিয়মিতভাবে মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রতি সভায় আলোচনা করতে হবে এবং মন্ত্রণালয়ের যাচিত ছকে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিম |
| ২. | ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০ মন্ত্রণালয়ে প্রেরণ ও বাস্তবায়ন | মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির ২০১৯-২০ অর্থবছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় উপস্থাপিত বিষয়াদি বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ছকে অথরিটির বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (পত্রের সূত্র নং- ৫৩.০৪.০০০০.০৭.০৫.০০৪.১৯- ১৬৫১; তারিখ-২৬/০৬/২০১৯ খ্রিঃ)। উল্লিখিত কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত বিষয়সমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |
| ৩. | উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার | উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার আয়োজন সম্পর্কে আলোচনা করা হয়। | উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার ২০১৯ সালের ডিসেম্বর মাসের মধ্যে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |
| ৪. | উদ্ভাবনী উদ্যোগের তালিকা তথ্য বাতয়নে প্রকাশ | ২০১৮-১৯ অর্থবছরে অথরিটির কর্মকর্তা/কর্মচারী হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো হতে বাছাইকৃত ধারণাসমূহ আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। | বাছাইকৃত ৫টি ধারণা অথরিটির ওয়েবসাইট ও তথ্য বাতয়নে আপলোড করার জন্য প্ল্যানিং, রিসার্চ এন্ড পাবলিকেশন শাখাকে অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |

সভায় আলোচনার জন্য আর কিছু না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।






(মোঃ জাকের হোসেন)

পরিচালক ও ইনোভেশন অফিসার
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যদের তালিকা:

| ক্র: নং | কর্মকর্তার নাম | পদনাম | কমিটি | স্বাক্ষর |
|---------|-------------------------|--------------------------|----------------|---|
| ১. | মোঃ জাকের হোসেন | পরিচালক ও ইনোভেশন অফিসার | ইনোভেশন অফিসার |  |
| ২. | মোহাম্মদ আব্দুল মান্নান | উপপরিচালক | সদস্য | OT |
| ৩. | জিনাত আমান বন্যা | উপপরিচালক | সদস্য | RL |
| ৪. | মোঃ আরিফুজ্জামান | সিনিয়র সহকারী পরিচালক | সদস্য |  08.01.20 |
| ৫. | সৈয়দ আশিক ইমতিয়াজ | সহকারী পরিচালক | সদস্য সচিব |  08.01.20 |

জাকের হোসেন